

## B.Ed. এবং D.El.Ed. কোর্সে তপশিলী জাতি ভুক্ত ছাত্র-ছাত্রীদের ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

ত্রিপুরা সরকারের তপশিলী জাতি কল্যাণ দপ্তর B.Ed. এবং D.El.Ed. কোর্সে ভর্তির জন্য তপশিলী জাতি ভুক্ত ছাত্র-ছাত্রীদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা হচ্ছে ।

ক্রমিক নং	কোর্সের নাম	কোর্সের সময়কাল	আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা
১	B.Ed.	২(দুই বৎসর )	Graduate / Post Graduate -এ যে কোন বিভাগে কমপক্ষে ৫০ % নম্বর বা ততোধিক নম্বর প্রাপ্ত উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা এই কোর্সে আবেদন করিতে পারবে ।
২	D.El.Ed.	২(দুই বৎসর)	যে কোন বিভাগে উচ্চ-মাধ্যমিক উত্তীর্ণ এবং কমপক্ষে ৫০ % বা ততোধিক নম্বর প্রাপক ছাত্র-ছাত্রীরা এই কোর্সে আবেদন করিতে পারবে ।

### শর্তাবলী :-

- ১। প্রার্থীর পরিবারের বার্ষিক আয় কমপক্ষে ২ লক্ষ ৫০ হাজার টাকার মধ্যে থাকলেই প্রার্থী এই কোর্সে প্রশিক্ষণ নেওয়ার জন্য আবেদন করিতে পারিবে । তবে এইক্ষেত্রে প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে BPL.ভুক্ত পরিবারের ছাত্র/ছাত্রীদের অগ্রাধিকার দেওয়া হবে ।
- ২। তপশিলী জাতি কল্যাণ দপ্তর ভর্তি এবং হোস্টেলে থাকা ও খাওয়ার খরচ বহন করবে, এবং বাড়ীতে আসা ও যাওয়ার খরচ প্রার্থীকে বহন করতে হবে ।
- ৩। দপ্তর কর্তৃক নির্বাচিত Institute/College এ ছাত্র-ছাত্রীদের ভর্তি করা হবে ।
- ৪। যে কোন বিভাগের ছাত্র-ছাত্রীরা আবেদন করতে পারবে ।
- ৫। একজন প্রার্থী কেবলমাত্র একটি কোর্সের জন্য আবেদন করতে পারবে ।
- ৬। পরিবারভিত্তিক একজনকে এই সুযোগ দেওয়া হবে ।
- ৭। প্রার্থী নির্বাচন করা হবে মেধার ভিত্তিতে এবং দপ্তরের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে ।
- ৮। কোন তথ্য গোপন করা হলে প্রার্থীকে তার দায়ভার বহন নিতে হবে এবং উক্ত প্রার্থীর দরখাস্ত বাতিল বলে গণ্য হবে এবং কর্তৃপক্ষ এরজন্য দায়ী থাকিবে না ।
- ৯। নিম্নলিখিত তথ্যাবলীসহ আগামী ৩০ শে জুলাই, (সোমবার ) ২০১৮ ইং তারিখের মধ্যে অধিকর্তা ,তপশিলী জাতি কল্যাণ দপ্তর, গোখাবস্তি,আগরতলা, ত্রিপুরা এই ঠিকানায় দরখাস্ত জমা দিতে হবে ।  
বিস্তারিত জানার জন্য এই নম্বরে যোগাযোগ করা যেতে পারে : ০৩৮ ১-২৩২-৩৩৬৩ /২৩২-৩৬৮৬,  
মো -৯৮৬৩৩৮২৯৬২

অধিকর্তা  
তপশিলী জাতি কল্যাণ দপ্তর,  
ত্রিপুরা সরকার

### দরখাস্তের নমুনা :

- ১। প্রার্থীর নাম : ২। পিতার নাম : ৩। স্থায়ী ঠিকানা : (স্থায়ী বসবাসের প্রমাণপত্রের নকল (Self attested ) জমা দিতে হবে । ৪। বর্তমান ঠিকানা : ৫। শিক্ষাগত যোগ্যতা : (মার্কসীটের প্রত্যয়িত নকল (Self attested ) ৬। তপশিলী জাতিভুক্ত সার্টিফিকেটের প্রত্যয়িত নকল ৭। তপশিলী সম্প্রদায়ের নাম : ৮। পরীক্ষার প্রাপ্ত নম্বরের বিবরণ : ৯। প্রাপ্ত নম্বরের শতকরা হিসাব : ১০। পিতামাতার বাৎসরিক আয় মহকুমা শাসক অথবা ডেপুটি কালেক্টর কর্তৃক স্বাক্ষরিত এবং চাকুরীর পিতা-মাতার প্রার্থীদের ক্ষেত্রে আয়ের মূল প্রমাণপত্র D.D.O.(Drawal & disbursing officer) -কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়িত নকল (Self attested ) জমা দিতে হবে । ১১। বয়সের প্রমাণপত্র (এডমিট কার্ড ) প্রত্যয়িত নকল (Self attested ) ১২। পি.আর.টি.সি সার্টিফিকেট কপি ১৩। প্রার্থীর মোবাইল নম্বর : ১৪। সাম্প্রতিক তোলা ২(দুই) কপি পাসপোর্ট সাইজ ফটো দরখাস্তের সঙ্গে জমা দিতে হবে ।

আবেদনকারীর সাক্ষর